



আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
বরিশাল অঞ্চল, বরিশাল।

ভোটার নিবন্ধন ফরমের-০২ লেখার ক্ষেত্র কিছু ক্রটিঃ

১। নামের বানানের ক্ষেত্রঃ

যেমনঃ- মফিজ- সফিজ, রফিক- সফিক, খালেক- মালেক, সালাম- কালাম, কামাল-কালাম, শাহিনুর-মাহিনুর, সাফিয়া-মাফিয়া

২। জন্মতারিখঃ ছেলের থেকে বাবা ছোট, মাতার থেকে ছেলে বড়।

৩। যাদের শিক্ষা সনদ আছে তাদের শিক্ষা সনদ অনুযায়ী ভোটার নিবন্ধন ফরম-০২ লিপিবদ্ধ হচ্ছে না।

৪। পিতা-মাতার, স্বামী-স্ত্রীর ডাক নাম লিপিবদ্ধ হচ্ছে।

৫। যাদের শিক্ষা সনদ নেই তাদের পিতা-মাতার NID কার্ড যে নাম তা লিপিবদ্ধ হচ্ছে না।

৬। নিজের ডাক নাম লিপিবদ্ধ হচ্ছে।

৭। জন্মসনদ সাথে ভোটার নিবন্ধন ফরম-০২ লিপিবদ্ধ হচ্ছে না।

৮। ভোটার নিবন্ধন ফরমে-০২ পিতা-মাতার স্থলে পালক পিতা-মাতা, চাচা-চাচী, খালা-খালু, শ্বশুর-শাশুরী নাম লিপিবদ্ধ হয় আবার কাজের মেয়ে ক্ষেত্রে গৃহকর্তা-গৃহকর্তৃর নাম লিপিবদ্ধ।

৯। প্রবাসীদের ক্ষেত্রে পাসপোর্ট অনুযায়ী ভোটার নিবন্ধন ফরম-০২ লিপিবদ্ধ হচ্ছে না।

১০। ঠিকানার ক্ষেত্রে বর্তমান ও স্থায়ী ঠিকান একই লিপিবদ্ধ করা হয়।

১১। ভোটার নিবন্ধন ফরম-০২ একজনের ফরম অন্যজনকে দেওয়া হয় (একই নামের ক্ষেত্র)

১২। ভোটার নিবন্ধন ফরমে-০২ স্বাক্ষরের পরে তারিখ লিপিবদ্ধ হয় না।

১৩। ভোটারদের ছবি তোলার কেন্দ্রে যত ভীড় থাকুক না কেন কোনভাবেই ভোটারের হাতে ব্লাংক ফরম-০২ দেওয়া যাবে না। (যা তথ্য সংগ্রহকারী নিজেই পুরন করবে)

১৪। ব্লাংক ভোটার ফরমে-০২ আগ্রীম তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার, যাচাইকারী এর স্বাক্ষর ও সীল দেওয়া যাবে না।

১৫। স্মার্ট কার্ড যে কারণে প্রিন্ট হয় নায় তা হলোঃ ভোটার নিবন্ধন ফরম ০২ এ রক্তের গুপ না দেওয়ায়, ঠিকানায়ঃ মৌজা, ওয়ার্ড নং, পোস্টকোর্ড নং, না দেওয়ার কারণ

১৩/০৮/২০২২
(মোঃ আলাউদ্দীন)
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
বরিশাল অঞ্চল, বরিশাল।

বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
বরিশাল অঞ্চল, বরিশাল
www.ecs.gov.bd

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি ২০২২:-

- ❖ আগামী ২০ মে ২০২২ তারিখ থেকে ভোটার তালিকা হালনাগাদ-২০২২ কার্যক্রম শুরু হতে যাচ্ছে।
- ❖ ২০/০৫/২০২২ তারিখ থেকে পরবর্তী ৩ সপ্তাহ বাড়ি বাড়ি গিয়ে ভোটার হালনাগাদ উপলক্ষে নতুন ভোটারদের তথ্য সংগ্রহ করা হবে।
- ❖ যাদের জন্মতারিখ ০১/০১/২০০৭ এর পূর্বে এবং যারা আগে ভোটার হননি, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ এ তারা নতুন ভোটার হিসাবে ফরম পূরণ করতে পারবেন।

নতুন ভোটার নিবন্ধনের জন্য যেসকল কাগজপত্র প্রয়োজন হবেঃ-

- ০১। শিক্ষাসনদ (PSC/JSC/SSC)
- ০২। অনলাইন জন্মসনদ
- ০৩। নাগরিকত্ব সনদ
- ০৪। পিতা-মাতার NID কার্ডের ফটোকপি
- ০৫। বিবাহিত হলে স্বামী/স্ত্রীর NID কার্ডের ফটোকপি
- ০৬। বিদ্যুৎ বিল/হোল্ডিং ট্যাক্স/পানির বিল/ ভাড়াটিয়া হলে বাড়ী ভাড়ার প্রত্যয়নপত্র
- ০৭। পাসপোর্টের কপি (যদি থাকে)
- ০৮। ড্রাইভিং লাইসেন্স এর কপি (যদি থাকে)
- ০৯। টিন সার্টিফিকেট (যদি থাকে)।

ভোটার নিবন্ধন ফরম পূরণ করার জন্য যেসব প্রস্তুতি গ্রহণ করা জরুরিঃ-

- ❖ যাদের জন্মসনদ অনলাইনে নেই, তারা দ্রুত জন্মসনদ অনলাইন করে নিন।
- ❖ যাদের জন্মসনদ অনলাইনে আছে কিন্তু শিক্ষা সনদের সাথে মিল নেই, তারা দ্রুত শিক্ষা সনদ অনুযায়ী জন্মসনদ সংশোধন করে নিন।
- ❖ যাদের জন্মসনদ এবং শিক্ষাসনদ তাদের পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল নেই, তারা পিতা-মাতার নাম অনুযায়ী দ্রুত জন্মসনদ এবং শিক্ষাসনদ সংশোধন করে নিন।
- ❖ নিজের রক্তের গুফ না জানলে রক্তের গুফ পরীক্ষার মাধ্যমে রক্তের গুফ জানুন।

মৃত ব্যক্তির নাম ভোটার তালিকা হতে কর্তনের জন্য করণীয়ঃ-

- ❖ মৃত ব্যক্তির নাম কর্তনের জন্য অনলাইন মৃত সনদ ও এলাকার চৌকিদার কিংবা মেম্বারদের মাধ্যমে সনাক্তকরণ করা।

বি.দ্রঃ-ভোটার নিবন্ধনের সময় আপনি যে তথ্য দিবেন, আপনার জাতীয় পরিচয়পত্র (NID) তে সেই তথ্যই থাকবে। তাই সঠিক এবং সত্য তথ্য দিয়ে আপনার ভোটার নিবন্ধন ফরম পূরণ করুন। মনে রাখবেন একাধিকার ভোটার হওয়া দণ্ডনীয় অপরাধ।

আপনি যদি ইতোপূর্বে ভোটার নিবন্ধন করে থাকেন এবং যদি তার কোন তথ্য বা কাগজপত্র আপনার কাছে না থাকে, তবে যে কোন জেলা নির্বাচন অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে Afis Machine এর মাধ্যমে আঞ্জুলের ছাপ যাচাইয়ে আপনার তথ্য সংগ্রহ করতে পারেন।

২৬/০৫/২০২২
মোঃ আলাউদ্দীন

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
বরিশাল অঞ্চল, বরিশাল।